# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২১৬

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

## الفصل الاول (بَاب جَامع المناقب)

---

আরবী

وَعَنِ الْبَرَاءِ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «الْأَنْصَارُ لَا يُحِبُّهُمْ إِلَّا مُؤْمِنٌ وَلَا يَبْغَضُهُمْ إِلَّا مُنَافِقٌ فَمَنْ أَحَبَّهُمْ أَحَبَّهُ اللَّهُ وَمَنْ أَبْغَضَهُمْ أَبْغَضَهُ اللَّهُ» . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (3783) و مسلم (129 / 75)، (237) ۔
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬২১৬-[২১] বারা’ [ইবনু ’আযিব (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, আনসারদেরকে একমাত্র মু’মিনরাই ভালোবাসে আর মুনাফিক মাত্রই তাদের প্রতি হিংসা করে। অতএব যে লোক তাদেরকে ভালোবাসবে, তাঁকে আল্লাহ তা’আলা ভালোবাসবেন। আর যে লোক তাঁদের প্রতি শত্রুতা পোষণ করবে, তার প্রতি আল্লাহ তা’আলা শত্রুতা রাখবেন। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৭৮৩, মুসলিম ১২৯-(৭৫), মুসনাদে আহমাদ ১৮৫৯৯, তিরমিযী ৩৯০০, ইবনু মাজাহ ১৬৩, সিলসিলাতুস সহীহাহ ৯৯১, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩২৩৫৩, মুসনাদে আহমাদ ১৮৫৯৯, শু’আবূল ঈমান ১৫০৯, সুনানু নাসায়ী আল কুবরা ৮৩৩৪, আল মু'জামুল আওসাত্ব ৬৯৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসের ব্যাখ্যায় বলা হয়েছে, আনসারদেরকে পরিপূর্ণভাবে ভালোবাসতে পারে তারাই যারা পূর্ণ মু'মিন। আর আনসারদের প্রতি যারা বিদ্বেষ রাখে তারা হলো মুনাফিক। অতএব শারী'আতী কোন কারণ ছাড়া তাদেরকে কারো প্রতি বিদ্বেষ রাখা যাবে না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86192

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন